

শিক্ষাঙ্গন সংবাদ



চীনে ড্যাফোডিল শিক্ষার্থীদের ইন্টার্নশিপের সুযোগ

চীনের আন্তর্জাতিক মানের পাঁচ তারকা হোটেল ও রিসোর্টে ইন্টার্নশিপের সুযোগ পাবেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির টুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থীরা। এ সংক্রান্ত এক সেমিনার বৃহস্পতিবার ড্যাফোডিল ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলাম। সেমিনার পরিচালনা করেন ফোনিব্ল কনসালটেন্সির প্রধান নির্বাহী কর্মকর্তা ফজলে রাকিব রুমন এবং ফোনিব্ল কনসালটেন্সির প্রোপাইটার বিজয়া আনন্দ।

এ সময় বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল অ্যাকাডেমির পরিচালক অধ্যাপক ড. মো. ফখরে হোসেন, ক্যারিয়ার ডেভেলপমেন্ট সেন্টারের পরিচালক আবু তাহের খান, টুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের প্রধান ও সহযোগী অধ্যাপক মাহবুব পারভেজসহ বিভাগের অন্য শিক্ষকরা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি